অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবার উপর প্রকোপের পরিপ্রেক্ষিতে, গভর্নর হোকল গর্ভপাতের অধিকার সুরক্ষার জন্য লড়াই করার প্রতিজ্ঞা গ্রহণ করলেন

মৌলিক প্রজনন সংক্রান্ত অধিকারের উপর প্রকোপের বিরুদ্ধে প্রতিরোধ করার জন্য গভর্নর, অ্যাটর্নি জেনারেল জেমস, সিনেটর জিলিব্র্যান্ড, এবং সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্সের সাথে যোগ দিলেন

স্টেট 150,000 ডোজ মাইসোপ্রোস্টল মজুদ করবে, ওষুধের মাধ্যমে গর্ভপাতের সুযোগ আরো সুরক্ষিত করতে কাজ করছে

গর্ভপাত পাওয়ার সুযোগের উপর একাধিক প্রকোপের পরিপ্রেক্ষিতে, যার মধ্যে রয়েছে টেক্সাসে একটি ফেডারেল আদালতের গর্ভপাতের ওষুধ সীমাবদ্ধকারী একটি রায় এবং ফ্লোরিডার 6-সপ্তাহের জন্য গর্ভপাতের নিষেধাজ্ঞা, গর্ভপাতের অধিকার সুরক্ষিত রাখার জন্য লড়াই চালিয়ে যাওয়ার প্রতিজ্ঞা নিতে গভর্নর ক্যাথি হোকল আজকে অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস, সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড, এবং সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্সের সাথে যোগ দিলেন।

"পুরো দেশের নারীদের জন্য এটি একটি অন্ধকার সপ্তাহ," **গভর্নর হোকল বলেন।** "যদিও অ্যান্টি-চয়েস চরমপন্থীরা বিশ্বাস করে যে আপনার স্বাস্থ্যের কী সেরা সেই সিদ্ধান্ত তারা নিতে পারবে, আমি কখনোই এর প্রতিরোধ বন্ধ করবো না, আমাদের ফেডারেল, স্টেট এবং স্থানীয় অংশীদারদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে নিশ্চিত করবো যাতে আমাদের স্টেটে গর্ভপাত নিরাপদ, বৈধ এবং উপলভ্য থাকে। প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ প্রয়োজন এমন সকলকেই নিউ ইয়র্ক সর্বদা সাদরে স্বাগত জানাবে।"

অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন, "এখানে, নিউ ইয়র্কে আমরা বিশ্বাস করি যে আপনার দেহের ব্যাপারে সিদ্ধান্ত আপনার নিজের হওয়া উচিত। যখন দেশজুড়ে পুরুষ বিচারক ও গভর্নরগণ সেই সিদ্ধান্ত নেওয়ার অধিকার কেড়ে নেওয়ার চেষ্টা করছে,আমরা তখন নিউ ইয়র্কবাসীদের শরীর সম্পর্কিত ব্যক্তিস্বাধীনতা সুরক্ষার ব্যাপারে আগ্রাসী থাকবো এবং সকলে যাতে তাদের প্রয়োজনীয় সেবা পায় তা নিশ্চিত করতে মহান এই স্টেটের নেতৃবৃন্দ হিসেবে আমাদের ক্ষমতা দ্বারা সম্ভব সব কিছু করবো। গর্ভপাত পাওয়ার সুযোগের সুরক্ষায় গভর্নর

হোকলের নেতৃত্বের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ, এবং আমরা এখানে বসবাসরত বা বাইরে থেকে আসা সকলের জন্য প্রজনন সংক্রান্ত স্বাধীনতা রক্ষায় একত্রে কাজ চালিয়ে যাবো।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "প্রজনন সংক্রান্ত স্বাধীনতা এবং নারীদের শরীর সম্পর্কিত ব্যক্তিস্বাধীনতা সারা দেশে হুমকির সম্মুখীন হয়েছে, সেজন্যই রোগীদের অধিকার রক্ষা করতে, প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবা প্রদানকারীদের ক্ষমতায়ন করতে, এবং প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবা সন্ধানীদের জন্য একটি নিরাপদ আশ্রয় হয়ে থাকতে নিউ ইয়র্ক দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছে। এই লড়াইয়ে গভর্নর হোকল, অ্যাটর্নি জেনারেল জেমস এবং সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্সের মতো অংশীদার পেয়ে আমি কৃতজ্ঞ। সকলের নিজেদের শরীরের ব্যাপারে এবং নিজদের পরিবারের জন্য কী ভালো হবে এবং নিজেদের প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার থাকা উচিত এবং প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ রক্ষা করতে আরো বিধানিক সমাধান খোঁজার জন্য আমি আমার পক্ষে সম্ভব সকল কিছু করবো।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "সিনেটের ডেমোক্রেটিক সংখ্যাগরিষ্ঠতা (Senate Democratic Majority) প্রজনন সংক্রান্ত অধিকার রক্ষায় এবং সার্বিক প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবার ক্ষেত্রে সমান উপলভ্যতা নিশ্চিত করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করেছি, যার মধ্যে রয়েছে ঐতিহাসিক প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য আইন (Reproductive Health Act) পাশ করানো এবং রো বনাম ওয়েড (Roe v. Wade) রায় বদলে দেওয়ার সাড়াদান হিসেবে সুদূরপ্রসারী বিধিমালা প্রণয়ন করা। এছাড়া নিউ ইয়র্ক প্রমাণ করছে যে যদি মাঠপর্যায়ে নারীদের সমস্যার প্রভাব বুঝতে পারবে এমন নারীরা নেতৃত্বে থাকে, তাহলে আমাদের অধিকার রক্ষার জন্য বাস্তব ব্যবস্থা গ্রহণ করা যাবে। সহ্য আমি এইসব প্রয়াসকে চালিত করতে সাহায্য করার জন্য সিনেটর লিয়া ওয়েবের সভাপতিত্বে প্রথম সিনেট নারী সমস্যার কমিটি (Senate Committee on Women's Issues) গঠন করেছি। নিউ ইয়র্ক স্টেট যাতে প্রজনন সংক্রান্ত ন্যায়বিচারের আশার আলো হয়ে থাকে তা নিশ্চিত করতে আমরা গভর্নর হোকল এবং আমাদের মিত্রদের সাথে কাজ করে যাবো।"

স্টেটের সিনেটর লিজ ক্রুগার বলেন, "মূল রো সিদ্ধান্তের আগে থেকেই সকলের জন্য নিজেদের প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবা সিদ্ধান্ত নেওয়ার অধিকার রক্ষা করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেট নেতৃত্ব দিয়েছে। অধিকাংশ আমেরিকান এ ব্যাপারে একমত যে গর্ভপাত একটি স্বাস্থ্যসেবা এবং গর্ভপাতকে ব্যালটে রেখে আমেরিকানদের নির্বাচন করতে দিলে তারা প্রজনন সংক্রান্ত স্বাধীনতাকে বেছে নেয়। কিন্তু দেশের বিভিন্ন আদালতে, গভর্নরের অট্টালিকায়, এবং আইনসভায় ডানপন্থী চরমপন্থীরা আমেরিকানদের অগ্রাহ্য করে নিজেদের নারীবিদ্বেষী বলপূর্বক-জন্মদান এজেন্ডাকে জোরপূর্বক বহাল করতে চায়। নিউ ইয়র্কবাসীদের এবং প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবার চিকিৎসার জন্য এখানে যারা আসে তাদের অধিকার রক্ষা করা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটকে সম্ভাব্য সকল কিছু করতে হবে এবং তা করা হবে।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারিনেস রেয়েস বলেন, "নারীদের মৌলিক অধিকার ও গর্ভপাতের ওষুধ পাওয়ার সুযোগের উপর যখন প্রকোপ আসছে, তখন গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমসের নেতৃত্বের জন্য আমি তাদের প্রশংসা করছি। ফেডারেল আদালতের সাম্প্রতিক যে রায় নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও সুস্থতাকে হুমকির সম্মুখীন করেছে তার প্রতিরোধের প্রথম ধাপ

হিসেবে এই পদক্ষেপগুলি দারুণ। এই পলিসি বাস্তবায়ন এবং আমাদের স্টেটে অবস্থানরত সকলের জন্য প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবা পাওয়ার সম্পূর্ণ উপলভ্যতা থাকা নিশ্চিত করার জন্য নতুন পলিসি লক্ষ্য তৈরির কাজে তাদের সাথে সহযোগিতা করতে আমি উন্মুখ।"

গত বছর মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট (United States Supreme Court) ডবসের সিদ্ধান্ত বদলে দিয়ে, কয়েক মিলিয়ন মানুষের প্রজনন সংক্রান্ত অধিকার কেড়ে নেওয়ার পর থেকেই গভর্নর হোকল গর্ভপাত সেবাসন্ধানী সকলের জন্য উপলভ্যতা নিশ্চিত করার লড়াইয়ে নেতৃত্ব দিয়েছেন। গর্ভপাত সেবার সমর্থনে দেশের মধ্যে সর্বোচ্চ 35 মিলিয়ন মার্কিন ডলার তহবিল গঠন করার পাশাপাশি, গভর্নর হোকল সেবাদানকারী ও রোগীদের সুরক্ষিত রাখতে ও তাদের সমর্থন করতে ছয়টি নতুন দেশের সেরা আইন পাশ করার জন্য আইনসভার সাথে কাজ করেছেন।

এর আগে এই সপ্তাহে গভর্নর ঘোষণা করেন যে গর্ভপাত পাওয়ার সুযোগ সুরক্ষিত রাখার চলমান প্রচেষ্টার অংশ হিসেবে স্টেট গর্ভপাতের ওষুধ মাইসোপ্রোস্টল মজুদ করবে। গভর্নরের নির্দেশে, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) অবিলম্বে প্রত্যাশিত চাহিদা পূরণ করতে পাঁচ বছরের সরবরাহের জন্য 150,000 ডোজ মজুদ করার জন্য মাইসোপ্রোস্টল ক্রয় শুরু করবে। এছাড়া গভর্নর হোকল ঘোষণা করেন যে যদি বাজার থেকে গর্ভপাতের ওষুধ মাইসোপ্রোস্টল উঠিয়ে নেওয়া হয় তাহলে সেবার অন্যান্য পদ্ধতি পাওয়ার সুযোগ সমর্থনের জন্য সেবাদানকারীদেরকে অতিরিক্ত 20 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি স্টেট গ্রহণ করবে।

গর্ভপাতের ওষুধ পাওয়ার সুযোগ আরো সুরক্ষিত করতে, গভর্নর হোকল নতুন বিধিমালার জন্য আইনসভার সাথেও কাজ করছেন যা গর্ভপাতের জন্য অফলেবেলে প্রেস্ক্রাইব করা হলে বেসরকারি বীমাকারীদের জন্য তাদের বীমার আওতায় মাইসোপ্রোস্টল অন্তর্ভুক্ত করা আবশ্যিক করবে এবং নিশ্চিত করবে যাতে কোনও সেবাদানকারীকে অফলেবেল মাইসোপ্রোস্টল প্রেস্ক্রাইব করার জন্য ভুল চিকিৎসার আওতায় বর্ধিত হার দিতে না হয় বা বীমার আওতা হারাতে না হয়।

গর্ভপাতের ওষুধ মজুদ করার পাশাপাশি, গভর্নর হোকল গর্ভপাতের সেবা পাওয়ার সুযোগ সুরক্ষিত রাখার জন্য এবং গর্ভপাতের সেবাদানকারীদের সমর্থন করার জন্য তার প্রস্তাবিত 2024 অর্থবছরের নির্বাহী বাজেটে একাধিক পদক্ষেপের প্রস্তাব করেছেন যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York , SUNY) ও নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) ক্যাম্পাসে গর্ভপাতের সুযোগ বৃদ্ধি করা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন